

মুজিব বর্ষ এর প্রতিবেদন

স্বাধীনতার মহান স্থপতি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, চিংড়ি গবেষণা কেন্দ্র, খুলনা বছর ব্যাপী বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছে। এ পর্যন্ত গৃহীত কর্মসূচী সমূহ হলঃ

ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ প্রচার :


জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত নির্ধারিত কার্যক্রম শুরু হয় ০৭ মার্চ জাতির জনকের ঐতিহাসিক ভাষণ প্রচারের মাধ্যমে। এদিন কেন্দ্রে দিনব্যাপী জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭মার্চ এর ভাষণ প্রচার করা হয়।

নিরাপত্তা দেওয়াল রংকরণ :

চিংড়ি গবেষণা কেন্দ্রের নিরাপত্তা দেওয়ালের পলেন্তারা এবং রং নষ্ট হয়ে যাওয়ায় মুজিববর্ষ উপলক্ষে ১৬ মার্চ এর মধ্যে কেন্দ্রের নিরাপত্তা দেওয়াল সংস্কার এবং রংকরণ সম্পন্ন করা হয়।

আলোকসজ্জা :

১৭ মার্চ ২০২০খ্রিঃ মঙ্গলবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শততম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২০ উপলক্ষে কেন্দ্রের অফিস ভবনে আলোক সজ্জার আয়োজন করা হয় এবং সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন করা হয়।






গবেষণা সফলতা প্যানেলে প্রদর্শন :

০২ এপ্রিল ২০২০ খ্রিঃ বৃহস্পতিবার কেন্দ্রের গবেষণা সফলতা প্যানেলে প্রদর্শন করা হয় যা কেন্দ্রের প্রধান ফটকের সামনে রাস্তার ধারে স্থাপন করা হয়।



ভ্রাম্যমান মৎস্য ক্লিনিকের মাধ্যমে চাষীদের সেবা প্রদানঃ

চিংড়ি গবেষণা কেন্দ্র হতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উপলক্ষ্যে গৃহীত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে ভ্রাম্যমান মৎস্য ক্লিনিকের মাধ্যমে কচুয়া, মোংলা, বাগেরহাট সদর এবং কোটালীপাড়া ও গোপালগঞ্জ সদর ইত্যাদি উপজেলায় চিংড়ি চাষীদের ঘের সরেজমিনে পরিদর্শন এবং মাটি ও পানি পরীক্ষাপূর্বক চিংড়ি চাষ বিষয়ে পরামর্শ ও সেবা প্রদান করা হয়।



পরিস্কার পরিচ্ছন্নতা :

কেন্দ্রের অফিস এলাকা, গবেষণা মাঠ এবং ডরমিটরীসমূহ, হ্যাচারী সর্বত্রই মাসে দু'বার করে পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয় এবং পরিবেশ দূষণ বিষয়ে সকলের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা হয়।

জাতীয় শোক দিবস ১৫ই আগস্ট উদ্‌যাপন :

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২০ উপলক্ষে ১৫ আগস্ট চিংড়ি গবেষণা কেন্দ্রে সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ ও কালো ব্যাজ ধারণ করা হয়। এছাড়া কনফারেন্স হলে আলোচনাসভা ও বাদ যোহর মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।



বিনা মূল্যে গলদা চিংড়ির পোনা বিতরণঃ

২১ আগস্ট কেন্দ্রের হ্যাচারীতে উৎপাদিত গলদা চিংড়ির পিএল দরিদ্র কৃষকদের মাঝে বিনা মূল্যে বিতরণ করা হয়। এছাড়া মুজিববর্ষ ২০২০ উপলক্ষে কেন্দ্র হতে পরিচালিত নির্ধারিত কার্যক্রম অব্যাহত থাকবে।

